আমরা ভারতবিরোধী নই, আধিপত্যবাদের বিরোধী: আসিফ মাহমুদ

আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বলেছেন, তারা ভারতবিরোধী নন, বরং আধিপত্যবাদের বিরোধী। বাংলাদেশের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে যেকোনো দেশের সঙ্গে সম্পর্ক ও চুক্তির পক্ষে থাকার কথাও জানান তিনি।

বৃহস্পতিবার (৮ অক্টোবর) ঢাকা বিশ্ববিদ্যালয়ের আর সি মজুমদার অডিটোরিয়ামে শহীদ আবরার ফাহাদের সপ্তম শাহাদাতবার্ষিকীর আলোচনা সভায় এসব কথা বলেন আসিফ মাহমুদ। ভারতের সঙ্গে সরকারের বর্তমান নীতির অবস্থান এখনো স্পষ্ট নয় উল্লেখ করে তিনি বলেন, আধিপত্যবাদবিরোধী রাজনীতি বুঝতে আবরার ফাহাদের রেখে যাওয়া আটটি ধারণাকে গুরুত্ব দিয়ে দেখা প্রয়োজন।

আসিফ মাহমুদ বলেন, দেশের স্বার্থ ক্ষতিগ্রস্ত করে কোনো দেশের সঙ্গে চুক্তি বা সমঝোতা করা হলে তার বিরোধিতা করা হবে। তবে দুই পক্ষের জন্য লাভজনক হলে ভারতের সঙ্গেও চুক্তি করতে আপত্তি নেই। পানি বণ্টনসহ বিভিন্ন বিষয়ে বাংলাদেশের স্বার্থ নিশ্চিত করে সমঝোতা হলে সেটিকে ইতিবাচকভাবেই দেখা হবে।

চট্টগ্রাম বন্দরের এনসিটি পরিচালনায় ডিপি ওয়ার্ল্ডের সঙ্গে ১৫ বছরের চুক্তির প্রসঙ্গ তুলে তিনি বলেন, যেকোনো চুক্তিতে বাংলাদেশ কী পাচ্ছে এবং ঝুঁকি কতটা—সেটিই বিবেচনার বিষয়। শুধু ভারত নয়, বিশ্বের যেকোনো দেশের সঙ্গে সম্পর্কের ক্ষেত্রেই বাংলাদেশের স্বার্থকে সবার আগে রাখতে হবে।

তিনি আরও বলেন, ব্যক্তিগত বা রাজনৈতিক সুবিধার জন্য কোনো রাজনীতিক বিদেশি স্বার্থের কাছে নৈতিকভাবে দুর্বল হয়ে পড়লে তার প্রভাব শেষ পর্যন্ত রাষ্ট্রের ওপর পড়তে পারে। তাই পররাষ্ট্রনীতি ও আন্তর্জাতিক চুক্তিতে দেশের জনগণের স্বার্থই প্রধান হওয়া উচিত।